



...
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
 প্রশাসন শাখা
 বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
 www.pmedutrust.gov.bd: ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.৩১.০০২.১৮.২০৪

তারিখ: ৭ আশ্বিন ১৪২৬

২২ সেপ্টেম্বর ২০১৯

বিষয়:


“দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯” এর ব্যাপক প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপেক্ষিতে জানানো যাচ্ছে যে, অর্থের অভাবে শিক্ষার সুযোগ বঞ্চিত দেশের সকল স্কুল/কলেজ/মাদরাসা/বিশ্ববিদ্যালয় অধ্যয়নরত দরিদ্র, মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী ‘প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট আইন, ২০১২’ পাস হয় এবং এ আইনের ৩(১) উপ-ধারার বিধান অনুযায়ী ‘প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট’ নামে একটি ‘ট্রাস্ট’ স্থাপন করা হয়। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট স্নাতক পাস বা সমমান পর্যায়ে উপবৃত্তি প্রদান ব্যতীত “দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদান নীতিমালা, ২০১৯” অনুযায়ী ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক পাস পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রদান করে থাকে। “দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯” অনুযায়ী ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক পাস পর্যায়ের দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের মেডিকেল সার্টিফিকেট এর ভিত্তিতে এককালীন আর্থিক অনুদান প্রদান করে থাকে। এছাড়া ‘এম.ফিল.ও পিএইচ.ডি. কোর্সে ফেলোশিপ ও বৃত্তি প্রদান নীতিমালা, ২০১৭’ অনুযায়ী এম.ফিল.ও পিএইচ.ডি. কোর্সে অধ্যয়নরত গবেষকদের ফেলোশিপ ও বৃত্তি প্রদান করে থাকে।

“দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯” অনুযায়ী ষষ্ঠ শ্রেণি থেকে স্নাতক পাস পর্যায়ের দরিদ্র ও মেধাবী (অভিভাবকের বার্ষিক আয় সর্বোচ্চ এক লক্ষ দশ হাজার টাকা পর্যন্ত এবং জমির পরিমাণ পঁচাত্তর শতাংশের কম) দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের মেডিকেল সার্টিফিকেট এর ভিত্তিতে এককালীন আর্থিক অনুদান প্রদান করা হয়। এখানে উল্লেখ্য যে, জন্মগতভাবে প্রতিবন্ধী বা কোন রোগে আক্রান্ত শিক্ষার্থীদের এ নীতিমালার আওতায় অনুদান প্রদান করা হয় না। দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত অঙ্গের বিবরণ উল্লেখপূর্বক মেডিকেল সার্টিফিকেট, জন্ম নিবন্ধনের কপি এবং পূর্ববর্তী শ্রেণির বার্ষিক রেজাল্টের কপিসহ নির্ধারিত ফরমে আবেদনের প্রেক্ষিতে শিক্ষার্থীদের এ অনুদান প্রদান করা হয়। আপনার অধিক্ষেত্রস্থ এ ধরনের শিক্ষার্থীদের অনুদান প্রাপ্তির লক্ষ্যে

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট বরাবর নির্ধারিত ফরমে আবেদনে উৎসাহিতকরণ এবং বিষয়টি ব্যাপক প্রচারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ফরম প্রাপ্তির স্থান-প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ওয়েবসাইট এর ঠিকানা www.pmedutrust.gov.bd


২২-৯-২০১৯

বিতরণ :

- ১) জেলা প্রশাসক (সকল)
 - ২) উপজেলা নির্বাহী অফিসার (সকল)
 - ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস (সকল)
- রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক
ফোন: ০২-৫৫০০০৪২৭
ফ্যাক্স: ৮১৯১০১৯
ইমেইল: ad.admin@pmedutrust.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ
শিক্ষা ও কল্যাণ শাখা
www.chapainawabganj.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৭০০০.০২৬.০৬.০৯১.১৯.৫১৪

তারিখ: ১১ আশ্বিন ১৪২৬

২৬ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতি এবং এ সঙ্গে প্রেরিত পত্রটি ব্যাপক প্রচার ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২২-৯-২০১৯

- ১) উপজেলা নির্বাহী অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), চাঁপাইনবাবগঞ্জ
- ৪) শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল) সকল, চাঁপাইনবাবগঞ্জ
- ৫) শিক্ষা প্রতিষ্ঠান কলেজ (সকল), চাঁপাইনবাবগঞ্জ
- ৬) শিক্ষা প্রতিষ্ঠান (মাদরাসা) সকল, চাঁপাইনবাবগঞ্জ
- ৭) কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, চাঁপাইনবাবগঞ্জ

মোঃ ইকবাল হাসান

সহকারী কমিশনার

ফোন: ০৭৮১-৫১০৫২ (অফিস)

ইমেইল: edus.dcchp@gmail.com